**শ্রীমদ্ভাগবত-সমস্ত বৈদিক শাস্ত্রের সুপক্ক ফল**

নষ্টপ্রায়েষ্বভদ্রেষু নিত্যং ভাগবতসেবয়া ।
ভগবত্যুত্তমশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী॥ ... ... "শ্রীমদ্ভাগবত"
অনুবাদঃ- নিয়মিতভাবে বৈদিক শাস্ত্রের অত্যন্ত সুপক্ক ফল শ্রীমদ্ভাগবত শ্রবণ (কীর্তন) করলে এবং ভগবানের শুদ্ধ ভক্তের সেবা করলে হৃদয়ের সমস্ত কলুষ সম্পূর্ণরূপে বিনিষ্ট হয়, এবং তখন উত্তম শ্লোকের দ্বারা বন্দিত পরমেশ্বর ভগবান প্রতি প্রেমময়ী ভক্তি সুদৃঢ়রূপে প্রতিষ্ঠিত হয়।
... ... "শ্রীমদ্ভাগবত"
শ্রীমদ্ভাগবত কেবল উন্নত জ্ঞান-সমন্বিত শাস্ত্রই নয়, তা হচ্ছে সমস্ত বৈদিক শাস্ত্রের সুপক্ক ফল। পক্ষান্তরে বলা যায় এটি হচ্ছে সমস্ত বৈদিক জ্ঞানের সারাতিসার।বেদকে কল্পবৃক্ষের সঙ্গে তুলনা করা হয়েছে। কেন না তাতে মানুষের জ্ঞাতব্য সমস্ত জ্ঞান রয়েছে। বেদে পরমার্থ-বিষয়ক জ্ঞান যেমন প্রচার করা হয়েছে, তেমনই জাগতিক প্রয়োজনগুলি সম্বন্ধে তাতে বিশদভাবে আলোচনা করা হয়েছে। বেদে সামাজিক, রাজনৈতিক, ধর্মীয়, অর্থনৈতিক, সামরিক, চিকিৎসা বিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যা, অধিবিদ্যা ইত্যাদি সব রকম জাগতিক বিষয়-সম্বন্ধীয় বৈধজ্ঞান প্রদত্ত হয়েছে এবং এইগুলি শরীর ও মন নির্বাহ করার জন্য প্রয়োজন হতে পারে। এই সমস্ত বিষয়ের উর্ধ্বে অধ্যাত্ম বিষয়ের নির্দেশ রয়েছে। বিধিবিদ্ধ জ্ঞানের মাধ্যমে জীবকে ক্রমান্বয়ে পারমার্থিক স্তরে উন্নীত করা হয় এবং সর্বোচ্চ পারমার্থিক জ্ঞান হচ্ছে সমস্ত দিব্য আনন্দ বা রসের আধার পরমেশ্বর ভগবানকে জানা।